কবর জিয়ারতের মধ্য দিয়ে মেহেরপুরে জামায়াত প্রার্থীর নির্বাচনী প্রচারণা শুরু

বাংলাদেশ জামায়াতে ইসলামীর মেহেরপুর জেলা শাখার আমির তাজ উদ্দিন খান আজ আনুষ্ঠানিকভাবে তাঁর নির্বাচনী প্রচারণা শুরু করেছেন।

বৃহস্পতিবার সকাল ৮টায় শহীদ জামায়াত নেতা তারেক মোহাম্মদ সাইফুল ইসলামের কবর জিয়ারত করে দোয়া ও ফাতেহা পাঠ শেষে জুলাই স্মৃতিস্তম্ভ থেকে তিনি প্রচারণা কার্যক্রমের সূচনা করেন। পরে বিকেলে তিনি শহরের বড়বাজার ও কাঁচাবাজার এলাকায় গণসংযোগ ও নির্বাচনী প্রচারণা চালান।

প্রচারণায় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির মাহবুব উল আলম, সেক্রেটারি ইকবাল হোসেন, জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, জেলা রাজনৈতিক সেক্রেটারি রুহুল আমিন, সদর উপজেলা জামায়াতের আমির সোহেল রানা, মুজিবনগর উপজেলা জামায়াতের আমির খান জাহান আলী, জেলা বায়তুলমাল সেক্রেটারি জারজিস হোসাইন, সদর উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, ন্যায় ও ইনসাফের ভিত্তিতে একটি কল্যাণমূলক রাষ্ট্র গঠনই তাদের মূল লক্ষ্য। তারা বলেন, আইনের শাসন প্রতিষ্ঠিত হলে সাধারণ নাগরিক থেকে শুরু করে রাষ্ট্রপ্রধান সবার জন্য একই আইন প্রযোজ্য হবে। কোনো ব্যক্তি বা পদমর্যাদার কারণে কেউ আইনের ঊর্ধ্বে থাকতে পারবে না। এই নীতির ভিত্তিতেই তারা জনগণের সমর্থন চেয়ে নির্বাচনী প্রচারণায় অংশ নিচ্ছেন।

এই প্রচারণা শুরুর মাধ্যমে মেহেরপুর-১ আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী তাজ উদ্দিন খানের নেতৃত্বে দলীয় নেতাকর্মীরা বিভিন্ন এলাকায় গণসংযোগ ও জনসংযোগ কার্যক্রম জোরদার করার পরিকল্পনা গ্রহণ করেছেন। দীর্ঘদিন পর মুক্ত ও উৎসবমুখর পরিবেশে নির্বাচনী প্রচারণা শুরু হওয়ায় দলের নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উদ্দীপনা লক্ষ্য করা গেছে।

কুষ্টিয়ায় কবর জিয়ারতের মধ্য দিয়ে নির্বাচনী প্রচারণা শুরু করলেন রউফ চৌধুরী

কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) সংসদীয় আসনের বিএনপি মনোনীত প্রার্থী ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী তাঁর বাবা-মায়ের কবর জিয়ারতের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে নির্বাচনী প্রচারণা শুরু করেছেন।

বৃহস্পতিবার সকালে তিনি নিজ এলাকা মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের ছত্রগাছা পারিবারিক কবরস্থানে মরহুম বাবা বীর মুক্তিযোদ্ধা আব্দুর রউফ চৌধুরী ও মায়ের (মরহুমা নার্গিস রউফ চৌধুরী) কবর জিয়ারত করেন।

এ সময় তিনি তাঁদের রুহের মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করেন।

কবর জিয়ারত শেষে ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী বলেন, বাবা-মায়ের আদর্শ ও দোয়া নিয়েই তিনি জনগণের কাছে যাচ্ছেন। মিরপুর ও ভেড়ামারার মানুষের ভালোবাসা ও সমর্থন নিয়ে তিনি সংসদে গিয়ে এলাকার সার্বিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং অবহেলিত জনপদের ন্যায্য অধিকার আদায়ে কাজ করতে চান।

এ সময় বিএনপির স্থানীয় নেতাকর্মী, সামাজিক ব্যক্তিবর্গ ও শুভানুধ্যায়ীরা তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন। কবর জিয়ারতের মধ্য দিয়ে শুরু হওয়া এই প্রচারণাকে কেন্দ্র করে মিরপুর ও ভেড়ামারায় রাজনৈতিক অঙ্গনে নতুন উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে।

স্থানীয় নেতাকর্মী ও সাধারণ মানুষের বিশ্বাস, মিরপুর-ভেড়ামারার মানুষের স্বতঃস্ফূর্ত সমর্থন ও ভালোবাসায় আসন্ন নির্বাচনে ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী ধানের শীষ প্রতীকে বিজয়ী হবেন। তারা মনে করছেন, সততা, পারিবারিক রাজনৈতিক ঐতিহ্য ও উন্নয়নমুখী ভাবনাই তাঁকে এই আসনে বিজয়ের পথে এগিয়ে নেবে।